

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-৩৮০

তারিখঃ-০৮/০৯/২০১৬ খ্রিঃ।


বিষয়ঃ- যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত আত্মকর্মসংস্থানে নিয়োজিতদের তথ্য ওয়েবসাইটে আপলোডকরণ সংক্রান্ত।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.০৫৫.১৩-১৭৯ তারিখঃ- ০৩/০৫/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রমের মাধ্যমে সৃজিত আত্মকর্মীদের তালিকা (শুরু হতে এ পর্যন্ত) ওয়েবসাইটে আপলোড করার প্রক্রিয়ায় কিছু তথ্য বা ফাইল, ডকুমেন্ট ট্রান্সফারের পদ্ধতিতে ইতোপূর্বে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। বিভিন্ন উপজেলা হতে আপলোডকৃত তথ্য অসম হওয়ার উহা ব্যবহার করে স্ব-স্ব উপজেলার ডাটাবেজ তৈরী করা সম্ভব হচ্ছে না বিধায় সূত্রোক্ত পত্রের পদ্ধতি অনুসরণপূর্বক পূর্বে আপলোডকৃত তথ্য ফাইলকে রূপান্তর করে নরসিংদী, গোপালগঞ্জ, মাগুরা, রাজশাহী ও নারায়ণগঞ্জ জেলার আওতাধীন উপজেলাসমূহকে ৩১/০৫/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে এবং অন্যান্য সকল উপজেলাকে ৩০/০৬/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়। তৎপ্রেক্ষিতে যে সকল উপজেলা হতে তথ্য পাওয়া গিয়েছে তা নিম্নরূপঃ

ক্রমিক নং	জেলার নাম	যে সকল উপজেলা হতে সঠিক তথ্য প্রেরণ করা হয়েছে	যে সকল উপজেলার তথ্যে ত্রুটি রয়েছে	ত্রুটির বিবরণ
০১	রাজশাহী	দুর্গাপুর, পুটিয়া	বাঘমারা চারঘাট	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। ক্রমিক নং ইংরেজীর পরিবর্তে বাংলায় লিখা হয়েছে।
০২	জয়পুরহাট	-	কালাই	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।
০৩	বগুড়া	-	সদর	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।
০৪	কুড়িগ্রাম	-	রাজীবপুর	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।
০৫	গাইবান্ধা	-	গাইবান্ধা জেলা	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।
০৬	লালমনিরহাট	-	সদর	তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে।

এমতাবস্থায় যে সকল জেলা/উপজেলা হতে ত্রুটিপূর্ণ বর্ণিত তথ্য প্রেরণ করা হয়েছে, সে সকল জেলা/উপজেলাকে সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুসরণপূর্বক সঠিকভাবে তথ্য/ফাইল হালনাগাদ করে আগামী ১০/১০/২০১৬ খ্রিঃ তারিখ এবং যে সব জেলা/উপজেলা হতে সংশোধিত তথ্য প্রেরণের উদ্যোগ নেয়া হয়নি, সে সব জেলা/উপজেলাসমূহকে বাধ্যতামূলক ভাবে ৩১/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে (সূত্রোক্ত পত্রের নির্দেশনা পুংখানুপুংখরূপে অনুসরণ করে) তথ্য/ফাইল প্রেরণ নিশ্চিত করতে নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।


(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার ও ডেস্ক কর্মকর্তা
(দাঃ বিঃ ও ঋণ শাখা)

১। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর(সকল)

যুব উন্নয়ন অধিদপ্তর, -----জেলা।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর..... উপজেলা.....জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-৩৮০

তারিখঃ-০৮/০৯/২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। সহকারী পরিচালক, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। অফিস কপি/গার্ড নথি।


(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার ও ডেস্ক কর্মকর্তা
(দাঃ বিঃ ও ঋণ শাখা)

বিঃ দ্রঃ সূত্রোক্ত পত্রের নির্দেশনার বাইরে কোন চিহ্ন, যেমন 'ঐ', '(...)', '- ' এরূপ ব্যবহার করা যাবে না।